

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mofl.gov.bd


বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী:

সভাপতি : এস এম ফেরদৌস আলম
অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২)
তারিখ : ১৬/০৬/২০২২
সময় : বিকাল ৩.০০ টায়
স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ।
(সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-ক তে দেখানো হলো)

সভাপতি সরাসরি উপস্থিত এবং জুম প্ল্যাটফর্মে ভার্চুয়ালী যুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত অংশে ৫টি বিশেষ কর্মপরিকল্পনার মধ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা পরিকল্পনা একটি অন্যতম পরিকল্পনা। পরিকল্পনায় অন্তর্ভুক্ত প্রতিটি কার্যক্রম যথাসময়ে অর্জন, প্রমাণক সংরক্ষণ এবং উর্দ্ধতন অফিসে প্রেরণ করা জরুরি। পরিকল্পনার অংশ হিসেবে অদ্য ২য় অবহিতকরণ সভা আয়োজন করা হয়েছে। সভার পূর্বে এ মন্ত্রণালয়ে উপসচিব (প্রশাসন-১) এবং প্রোগ্রামার মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত সেবাবক্সসহ বিভিন্ন অগ্রগতি প্রতিবেদন যাচাই করেন। সভাপতি যাচাইকৃত তথ্যাদি উপস্থাপনের জন্য উপসচিব (প্রশাসন-১) কে অনুরোধ করেন। উপসচিব (প্রশাসন-১) পর্যায়ক্রমে মন্ত্রণালয়ের অধীন প্রতিটি দপ্তর/সংস্থার সেবাবক্সে প্রাপ্ত জিআরএস বিষয়ক তথ্য এবং অভিযোগ প্রাপ্তি ও নিষ্পত্তির বিষয়টি সভায় উপস্থাপন করেন এবং পরবর্তী করণীয় সম্পর্কে সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণকে অবহিত করেন। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ১। অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত সেবাবক্সের অধীন ৪টি ট্যাবের প্রতিটিতে প্রতিবেদনসহ সংশ্লিষ্ট তথ্যাদি আপলোড করতে হবে এবং তা নিয়মিত হালনাগাদ করতে হবে;
- ২। প্রযোজ্য ক্ষেত্রে অনিক ও আপীল কর্মকর্তার তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে। কমপক্ষে ত্রৈমাসিক ভিত্তিতে কমপক্ষে একবার হালনাগাদ করতে হবে;
- ৩। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা পরিকল্পনার লক্ষ্যমাত্রা/কার্যক্রম যথাসময়ে অর্জন এবং অর্জনের স্বপক্ষে প্রয়োজনীয় প্রমাণক (স্ক্যান কপি) ইমেইলে (arahmandof69@gmail.com) প্রেরণ করতে হবে এবং মূল কপি স্ব স্ব অফিসে সংরক্ষণ করতে হবে;
- ৬। অধিকাংশ দপ্তর/সংস্থায় অনলাইনে কোন অভিযোগ পাওয়া যাচ্ছে না। এ বিষয়ে প্রচারণা ও সচেতনতা বৃদ্ধি করতে হবে;
- ৭। নির্ধারিত সময় অর্থাৎ অভিযোগ প্রাপ্তির ৩০ দিনের মধ্যে অভিযোগ নিষ্পত্তি করতে হবে এবং নিয়মিতভাবে অনিক-কে জিআরএস সফটওয়্যার ভিজিট করে কোন অভিযোগ আছে কিনা তা যাচাই করতে হবে;

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(এস এম ফেরদৌস আলম)
অতিরিক্ত সচিব
ও
অভিযোগ নিষ্পত্তি কর্মরতা
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়